DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 02:34 AM

বিনোদন

# বন্যায় ক্ষতিগ্রস্ত ৫০০ পরিবারকে ঘর দিচ্ছেন সালমান খান

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০৯ আগস্ট ২০২৬, ০৯:৫৬ AM



ছবি সংগৃহীত

ভারতের আসামে সাম্প্রতিক ভয়াবহ বন্যায় হাজারো পরিবারের জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। বন্যায় গৃহহীন হয়ে পড়া প্রায় ৫০০ পরিবারের জন্য ঘর তৈরি করে দেওয়ার উদ্যোগ নিয়েছেন বলিউডের সুপারস্টার সালমান খান।

সালমান খানের সংস্থা বিইং হিউম্যান এর আগেও বন্যাকবলিত এলাকায় অসহায় মানুষের কাছে খাবার এবং প্রয়োজনীয় জিনিসপত্র পৌঁছে দিয়েছে। এবার ত্রাণ কার্যক্রমের দ্বিতীয় ধাপ শুরু হয়েছে, যেখানে ক্ষতিগ্রস্ত মানুষের পুনর্বাসনের ওপর জোর দেওয়া হচ্ছে।

মিড-ডের এক প্রতিবেদনে বলা হয়েছে, সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত নেপালি খুটি গ্রামে এখন পর্যন্ত প্রায় ২২০টি আধা স্থায়ী ঘর নির্মাণ করা হয়েছে। প্রতিবেদনে দাবি করা হয়েছে, পুনর্বাসনের বিষয়টি শুরু থেকেই ত্রাণ পরিকল্পনার অংশ ছিল। ।

খবর অনুযায়ী, প্রতিটি ঘর নির্মাণে ৩৫ হাজার থেকে ৪০ হাজার রুপি খরচ হবে। এরপরই সালমান এই সংস্থার সঙ্গে যুক্ত হন এবং যৌথভাবে ৫০০টি ঘর নির্মাণের সিদ্ধান্ত নেন। নির্মাণের প্রথম ধাপে ২২০টি ঘরের কাজ শেষ হয়েছে। প্রতিটি পরিবারের মধ্যে হস্তান্তর করা হচ্ছে।

বলিউড সুপারস্টার সামর্থ অনুযায়ী বন্যার্ত মানুষের পাশে দাঁড়ানোর জন্য সকলের প্রতি অনুরোধ করেন। তিনি বলেন, মানুষ হিসেবে মানুষের সাহায্য করা আমাদের দায়িত্ব।

---

## এ বিভাগের আরও খবর



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**

আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...



প্রতীকী ছবি

**ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ**

একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



**শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা**

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...



**সৌন্দর্য ধরে রাখতে নিজেদের গর্ভফুল গ্রহণ করেছেন যেসব সেলিব্রেটি**

চিরযৌবন ও সৌন্দর্য ধরে রাখার আকাঙ্ক্ষা মানুষের বহু পুরোনো। বিশেষ করে নারীদের সৌন্দর্যচর্চা ঘিরে ইতিহাসে রয়েছে নানা বিস্ময়কর ঘটনা। সময়ের সঙ্গ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/bnjaj-kshtigrst-500-pribarke-ghr-dichchhen-salman-khan